



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১৬৮/ঢাকা/ ৪০২৬

তারিখ : ০২/০১/২০২০

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের ১৩/০৪/২০০৯ তারিখের ১০৮১ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়টি ০১/০১/২০০৯ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত এবং ০১/০১/২০১৪ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিপ্রাপ্ত। উক্ত অনুমতিপত্রের শর্ত অনুযায়ী কমিটি গঠন করা হয়নি। পরবর্তীতে পাঠদান মেয়াদ শেষে নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি বা শর্ত মোতাবেক কমিটি গঠনের বিষয়ে কোন পদক্ষেপও গ্রহণ করা হয়নি, যার কারণে ০১/০১/২০১১ তারিখ হতে নিম্ন মাধ্যমিক ও ০১/০১/২০১৭ তারিখ হতে মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি এবং কমিটিবিহীন অবস্থায় বিদ্যালয়টি পরিচালিত হয়ে আসছে।

এছাড়া নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপত্রের ১১নং শর্ত অনুযায়ী বিগত ৩১/১২/২০১১ তারিখের মধ্যে বিদ্যালয় নিজস্ব জায়গায় স্থানান্তর করার নির্দেশনার শর্ত ছিল- ব্যর্থতায় পাঠদানের প্রাথমিক অনুমতি বাতিল করা হবে মর্মে শর্তটিও প্রতিপালিত হয়নি।

এমতাবস্থায়, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি গ্রহণ না করে শিক্ষা কার্যক্রম ও কমিটিবিহীন বিদ্যালয় পরিচালনা করা এবং নিজস্ব জায়গায় বিদ্যালয় স্থানান্তর না করায় কেন নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপত্র প্রত্যাহার করা হবে না- মর্মে পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

প্রাপক : প্রধান শিক্ষক
ফজলুল হক বিদ্যানিকিতন
আশকোনা, দক্ষিণখান, ঢাকা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৪০২৬ (৫)

তারিখ : ০২/০১/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৫। সভাপতি, পরিচালনা কমিটি, ফজলুল হক বিদ্যানিকিতন।
- ৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

০৪-০১-২০২০